



পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) একটি জাতীয় পর্যায়ে বেসরকারী উন্নয়ন সংস্থা। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আওতায় বাংলাদেশ সরকার ও বিশ্ব খাদ্য কর্মসূচি এর অর্থায়নে পরিচালিত সংস্থার School Feeding Programme in Poverty Prone Areas (SFP-PPAP) প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত পদের জন্য যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নামঃ ফিল্ড মনিটর।

শিক্ষাগত যোগ্যতা : যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী পাশ।

বেতন : ১৬,০০০/- টাকা। এছাড়াও প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

অভিজ্ঞতাঃ শিক্ষাকেন্দ্র পরিদর্শন, সামাজিক উন্নয়ন কার্যক্রম পরিচালনা, স্কুল ও স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় ইস্যু ভিত্তিক বিষয়াভিত্তিক সভা পরিচালনা, প্রয়োজনীয় নথি সংরক্ষণ ও প্রতিবেদন তৈরী, ষ্টক সংরক্ষণ ও পরিদর্শন ইত্যাদি কার্যক্রমে কমপক্ষে ১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

কর্মস্থলঃ ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া উপজেলা।

প্রকল্পের মেয়াদঃ জুন ৩০, ২০২০ পর্যন্ত তবে প্রকল্পের মেয়াদ বাড়ানোর সম্ভাবনা রয়েছে।

বয়স : সর্বোচ্চ ৩৫ বছর।

কাজের বিরবরণঃ-

ফিল্ড মনিটর এর প্রধান কাজ হচ্ছে ইউনিয়ন/ক্রান্তার ভিত্তিক ৩০-৩৫ টি বিদ্যালয় পরিদর্শন ও মাসিক রিপোর্ট প্রদান করা। বিদ্যালয় পর্যায়ে বিস্কুট বিতরণ মনিটর করা ও পুষ্টি, স্বাস্থ্য ও স্যানিটেশন সম্পর্কে অবহিত করা। বিদ্যালয়ের প্রধান শিক্ষক এর সাথে নিবিড়ভাবে কাজ করা এছাড়া স্কুল ম্যানেজিং কমিটি ও স্থানীয় কমিউনিটির সাথে সমন্বয় করে কর্মসূচি বাস্তবায়ন করা। উপজেলা শিক্ষা অফিস এর সাথে যোগাযোগ ও তথ্যের আদান প্রদান করা। সার্বিকভাবে প্রকল্প সমন্বয়কারীর নিকট প্রকল্পের কার্যক্রমের জবাবাদীহিতা নিশ্চিত করা।

দায়িত্ব ও কর্তব্যঃ-

- কর্ম এলাকার বিদ্যালয় ও ছাত্র-ছাত্রীদের ভর্তি ও উপস্থিতির তথ্য সংগ্রহ ও প্রকল্প সমন্বয় কারীর দপ্তরে প্রেরণ।
- বিদ্যালয় পর্যায়ে ছাত্র-ছাত্রীদের মাঝে বিস্কুট বিতরণ মনিটর করা এবং বিদ্যালয় পর্যায়ে বিস্কুট সংরক্ষণ সঠিক আছে তা পর্যবেক্ষণ করা।
- বিস্কুট বিতরণের জন্য উপস্থিতি কার্ড ও মাসিক খরচের প্রতিবেদন ফরমেট বিদ্যালয়ে সরবারহ নিশ্চিত করা। মাস শেষে মাসিক খরচের প্রতিবেদন (এমইউআর) বিদ্যালয় পর্যায়ে হতে প্রধান শিক্ষকের স্বাক্ষর সহ সংগ্রহ করে প্রকল্প সমন্বয় কারীর দপ্তরে প্রেরণ।
- ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত বিস্কুট (নির্ধারিত কর্ম এলাকার মধ্যে) বিদ্যালয় পর্যায়ে সঠিকভাবে পৌঁছানো নিশ্চিত করা ও বিস্কুটের ওয়েবিল/চালান প্রধান শিক্ষকের স্বাক্ষর সহ সংগ্রহ করে প্রকল্প সমন্বয় কারীর দপ্তরে প্রেরণ।
- বিদ্যালয় পরিদর্শনের সময় মনিটরিং চেকলিষ্ট ব্যবহার করে ছাত্র-ছাত্রীর সংখ্যা গননা করা, হাজিরা খাতা ও মজুদ রেজিস্টারের সাথে বিস্কুটের হিসাব মিলিয়ে দেখা। স্টক কার্ড অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী যাচাই করা এবং পরিদর্শন রেজিস্টারে লিপিবদ্ধ করা।
- স্কুল ম্যানেজিং কমিটির সভায় উপস্থিত থাকা এবং স্কুল ফিডিং সংক্রান্ত এজেন্ডা বাস্তবায়নের জন্য কমিটিতে ভূমিকা রাখা। এছাড়া মা সমাবেশ, অভিভাবক সমাবেশে উপস্থিত থেকে স্কুল ফিডিং কর্মসূচি সম্পর্কে অবহিত করা।
- উপজেলা শিক্ষা অফিস এর সাথে সমন্বয় করা ইউইও, এইউইও, শিক্ষক ও এসএমসির ও স্থানীয় জনসাধারণ এর সাথে যোগাযোগ রাখা।

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রজিন ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ২৩/০১/২০২০ইং তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ই-মেইলেও আবেদন পাঠাতে পারেন। ই-মেইল: hr@popibd.org. অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।

web: www.popibd.org

“নারী-শিশু নির্যাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ”